অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/30/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল নিউ ইয়র্ক সিটি আবাসন সংরক্ষণ এবং উন্নয়ন বিভাগের সাথে একটি চুক্তি ঘোষণা করেছেন যা 24 মিলিয়ন মার্কিন ডলারের পাইলট প্রতিষ্ঠা করেছেন সাশ্রয়ী মূল্যের আবাসনগুলিকে কার্বন-মুক্ত করার জন্য

পাইলট প্রোগ্রামের বিনিয়োগ সাশ্রয়ী মূল্যের আবাসনের প্রায় 1,200টি বসবাসের ইউনিটের আপগ্রেড সমর্থন করবে এবং 3,000টি নিম্ন-থেকে-মধ্যম আয়ের বাসিন্দাদের উপকার করবে বলে প্রত্যাশিত

সাশ্রয়ী মূল্যের আবাসনের বৈদ্যুতিকরণের মাধ্যমে নির্গমন হ্রাসকে ত্বরান্বিত করার জন্য উদ্ভাবনী পাইলট অর্থায়নকে মসৃণ করে

2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমন 85 শতাংশ কমানোর জন্য রাজ্যের জাতীয় নেতৃত্বাধীন লক্ষ্যকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোচুল আজ নিউইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ হাউজিং প্রিজারভেশন অ্যান্ড ডেভেলপমেন্টের (New York City Department of Housing Preservation and Development, HPD) মধ্যে 24 মিলিয়ন মার্কিন ডলারের একটি পাইলট কর্মসূচিতে অংশীদার হওয়ার জন্য একটি চুক্তি ঘোষণা করেছেন। উপরন্তু, পাইলট একটি মসৃণ অর্থায়ন প্রক্রিয়া তৈরি করবে, যার দ্বারা সাশ্রয়ী মূল্যের আবাসনের মালিকরা অতিরিক্ত প্রশাসনিক কাজ ছাড়াই নিউইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটি প্রণোদনা অ্যাক্সেস করতে পারবেন। জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইনে (Climate Leadership and Community Protection Act) যেমন বর্ণিত, প্রোগ্রামটি 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমন 85 শতাংশ কমিয়ে আনার রাজ্যের জাতীয় নেতৃত্বের লক্ষ্যকে সমর্থন করে।

"জলবায়ু সংকট একটি বৈশ্বিক সমস্যা যা একটি বিশ্বব্যাপী প্রতিক্রিয়ার দাবি করে, এবং এজন্যই এটি এত গুরুত্বপূর্ণ যে নিউ ইয়র্ক স্টেট এবং নিউ ইয়র্ক সিটি তাদের সংস্থানগুলি একত্রিত করে এবং কার্বন নির্গমন কমাতে এক সাথে কাজ করে," **গভর্নর হোচুল বলেন।** "NYSERDA এবং হাউজিং প্রিজার্ভেশন অ্যান্ড ডেভেলপমেন্টের মধ্যে এই নতুন অংশীদারিত্ব নিউ ইয়র্ক সিটির সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়নের জন্য তহবিল অ্যাক্সেস করা এবং পরিচ্ছন্ন শক্তি ব্যবহারের জন্য তাদের ভবনগুলির পুনর্নির্মাণ করা সহজ করে তুলবে। এই জাতীয় অংশীদারিত্ব আমাদেরকে রাজ্যের উচ্চাকাংখি জলবায়ুর লক্ষ্য অর্জনের কাছাকাছি নিয়ে যাচ্ছে যখন আমরা আমাদের দৈনন্দিন কর্মসূচী এবং জীবনে পরিচ্ছন্ন শক্তিকে অন্তর্ভুক্ত করার জন্য নতুন এবং উদ্ভাবনী উপায় খুঁজতে থাকি।"

"আমাদের পুনরুদ্ধার অবশ্যই সবুজ পুনরুদ্ধার হতে হবে, কারণ জলবায়ু পরিবর্তন কোন দূরের সংকট নয় - এটি ইতিমধ্যে এখানে রয়েছে," **বলেছেন মেয়র বিল ডি ব্লাসিও।** "এই অংশীদারিত্ব আমাদের সাশ্রয়ী মূল্যের আবাসনকে কার্বন মুক্ত করতে এবং আমাদের পরিচ্ছন শক্তির লক্ষ্য পূরণে সহায়তা করবে। এই গুরুতর বিষয়ে গভর্নরের অংশীদারিত্বের জন্য আমি কৃতজ্ঞ।"

একটি সমঝোতা স্মারকের মাধ্যমে, NYSERDA এবং HPD সহযোগিতা করছে প্রদর্শন করতে যে নিউ ইয়র্কের নিয়ন্ত্রিত, বহুমুখী সাশ্রয়ী মূল্যের আবাসনগুলির বিদ্যুতায়নের আপগ্রেডগুলি কার্যকরভাবে অন্তর্ভুক্ত করা যেতে পারে যখন বিল্ডিংয়ের মালিকরা তাদের ভবনের জন্য পরিচ্ছন্ন এবং পুনর্নবীকরণযোগ্য শক্তির জন্য অর্থায়ন চায়। পাইলটটি বিদ্যমান HPD-নিয়ন্ত্রিত ভবনগুলিকে বিদ্যুতায়িত করার এবং অন্যান্য উন্নতি যেমন বিল্ডিং এনভেলপ এবং গরম জল বিতরণ, যা বিদ্যুতের খরচ কমায় এবং বাসিন্দাদের স্বাস্থ্য ও সুরক্ষার ফলাফল উন্নত করে, সেগুলির ক্রমবর্ধমান খরচ পূরণের ব্যবধানের মেটানোর অর্থায়ন প্রদান করবে। এই ধরনের কাজের মধ্যে থাকবে জীবাশ্ম-জ্বালানি ভিত্তিক তাপ এবং শিতলীকরণ থেকে অত্যন্ত দক্ষ হিট পাম্প প্রযুক্তিতে রূপান্তর, যার ফলে শক্তি দক্ষতা বৃদ্ধি পাবে, গ্রিনহাউস গ্যাস নির্গমন হ্রাস পাবে এবং উচ্চতর অভ্যন্তরীণ পরিবেশগত গুণমান প্রদান করবে।

NYSERDA-এর প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী আধিকারিক ডোরিন এম। হ্যারিস বলেছেন, "এই অংশীদারিত্বের মাধ্যমে, আমরা সাশ্রয়ী মূল্যের আবাসনকে বিদ্যুতায়িত করার জন্য একটি সরলীকৃত প্রক্রিয়া প্রদর্শন করব, রাজ্যব্যাপী নির্গমন কমাতে প্রতিলিপিযোগ্য নতুন রেট্রোফিট পদ্ধতির উন্নয়ন করার সাথে সাথে। এই অর্থায়ন রাজ্যের বিদ্যমান বিল্ডিং স্টককে কার্বন মুক্ত করার জন্য আমাদের চলমান প্রচেষ্টাকে সমর্থন করবে এবং একটি পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিতে ন্যায়সঙ্গত রূপান্তর নিশ্চিত করবে যা সমস্ত বাসিন্দাদের শক্তি দক্ষতা এবং বিদ্যুতায়নের সুদূরপ্রসারী সুবিধা প্রদান করবে।"

HPD কমিশনার লুইস ক্যারল বলেন, "এই পাইলট প্রোগ্রামটি ঠিক সেই ধরনের সাহসী পদক্ষেপ যার কল্পনা করা হয়েছিল যখন মেয়র ডি ব্লাসিও 2019 সালে তার গ্রিন নিউ ডিল (Green New Deal) ঘোষণা করেছিলেন, গ্রিনহাউস গ্যাস নির্গমন 80% কমানোর লক্ষ্য নির্ধারণ করে এবং 2050 সালের মধ্যে কার্বন নিরপেক্ষতার প্রতিশ্রুতি দিয়ে। সেই লক্ষ্য পূরণের একটি উল্লেখযোগ্য অংশ হল ভবনগুলির বিদ্যুতায়ন, বিশেষ করে পুরোনো উন্নয়ন যা একই শক্তি দক্ষতার লক্ষ্য মাথায় রেখে নির্মিত হয়নি। আমরা নগরীর সাশ্রয়ী মূল্যের হাউজিং স্টকে শক্তি দক্ষতাকে অগ্রসর করতে NYSERDA এর সাথে অংশীদারিত্বের জন্য কৃতজ্ঞ, যা শেষ পর্যন্ত আমাদের আগামী প্রজন্মের জন্য একটি শক্তিশালী এবং আরও স্থিতিস্থাপক শহর গড়ে তুলতে সাহায্য করবে।"

যখন শরত্কালে প্রোগ্রামটি চালু হবে, তখন NYSERDA সরাসরি প্রকল্প ডেভেলপারদের HPD অর্থায়নের পাশাপাশি প্রায় 22 মিলিয়ন মার্কিন ডলার প্রণোদনা প্রদান করবে এবং পরে বিতরণ করবে। উপরন্তু, NYSERDA একটি প্রযুক্তিগত সহায়তা প্রদানকারীকে তহবিল দেবে যা পাইলট অংশগ্রহণকারীদের এবং HPD-কে নকশা, নির্মাণ এবং নির্মাণ-পরবর্তী পর্যায়গুলিতে বিদ্যুতায়ন আপগ্রেড বাস্তবায়নে সহায়তা করবে। TAP জনসাধারণের জন্য উপলব্ধ বার্ষিক প্রতিবেদন এবং একটি চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত জন্য তথ্য এবং ডেটা সংগ্রহ করবে, যা অন্যান্য সাশ্রয়ী মূল্যের আবাসন সংস্থার মতো স্টাইলহোল্ডারদের কাছে পাইলটের ফলাফল উপস্থাপন করবে।

পাইলট প্রোগ্রামের বিনিয়োগ সাশ্রয়ী মূল্যের আবাসনের আনুমানিক 1,200টি বসবাসের ইউনিটে আপগ্রেড সমর্থন করবে এবং 3,000টি নিম্ন-মধ্যম আয়ের বাসিন্দাদের উপকৃত করবে বলে প্রত্যাশা করা হয়। বাস্তবায়ন করার কাজের পরিধি এবং প্রয়োজনের উপর ভিত্তি করে অর্থায়নের পরিমাণ প্রকল্প থেকে প্রকল্পে ভিন্ন হবে। 2024 সালের শেষ বা তহবিল শেষ না হওয়া পর্যন্ত শরতকালে চালু হওয়ার পরে আবেদন গ্রহণ করা হবে।

নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথ অ্যানি ভিসনাউকাস বলেছেন, "NYSERDA এর NYC ডিপার্টমেন্ট অফ হাউজিং প্রিজারভেশন অ্যান্ড ডেভেলপমেন্টের সাথে 24 মিলিয়ন মার্কিন ডলারের পাইলট প্রোগ্রাম তৈরি হয়েছে হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) এর 7.5 মিলিয়ন মার্কিন ডলারের ক্লিন এনার্জি ইনিশিয়েটিভ (Clean Energy Initiative), যা 600 টি অত্যাধুনিক, সম্পূর্ণভাবে বিদ্যুতায়ন করা গৃহ তৈরি করবে। সাশ্রয়ী বহুমুখী আবাসন উন্নয়নের জন্য পরিচ্ছন্ন শক্তির সমাধানের জন্য আজকের ঘোষণা আরেকটি উল্লেখযোগ্য বিনিয়োগ। বিদ্যমান হাউজিং ডেভেলপমেন্টের পুনরায় অর্থায়নে ইলেক্ট্রিফিকেশন রেট্রোফিটের জন্য তহবিল যোগ করে, আমরা এই নতুন প্রযুক্তিকে আরও দক্ষতার সাথে পুরোনো উন্নয়নে পৌঁছে দিতে পারি এবং রাজ্যের সামগ্রিক কার্বন মুক্তকরণের লক্ষ্য পূরণের লক্ষ্যে থাকতে পারি। এই রেট্রোফিটগুলি নিম্ন এবং মাঝারি আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্য স্বাস্থ্যকর এবং আরও টেকসই বাড়ি এবং সকলের জন্য সবুজ পরিবেশ তৈরি করবে।"

জাতীয় সম্পদ প্রতিরক্ষা কাউন্সিলের (National Resources Defense Council) সিনিয়র উপদেষ্টা, বিল্ডিং দক্ষতা এবং ডিকার্বোনাইজেশন, লিন্ডসে রবিনস বলেছেন, "সাশ্রয়ী বহুমুখী আবাসনে দক্ষতা এবং কার্বন মুক্তকরণ নিউ ইয়র্কবাসীদের জন্য স্বাস্থ্যকর, আরামদায়ক এবং সাশ্রয়ী মূল্যের বাড়ি সরবরাহ করবে যা তাদের সবচেয়ে বেশি প্রয়োজন। এই ভবিষ্যতের কথা বিবেচনা করা পাইলট পুনরায় অর্থায়নের প্রক্রিয়াকে কাজে লাগায়, যা এই বৈশিষ্ট্যগুলির জন্য উল্লেখযোগ্য আপগ্রেড করার একটি বিরল সুযোগ, যাতে এই বৈশিষ্ট্যগুলি কার্বন মুক্তকরণের দিকে অর্থপূর্ণ পদক্ষেপ নেওয়ার সুযোগ পায় তা নিশ্চিত করা যায়। নিউ ইয়র্ক সাশ্রয়ী বহু-পরিবারের আবাসনকে কার্বন মুক্ত করার উদ্ভাবনী সমাধান গ্রহণের ক্ষেত্রে অগ্রণী এবং রাজ্য এবং শহর সংস্থার মধ্যে সহযোগিতা নিউ ইয়র্ক তার জলবায়ু লক্ষ্য পূরণ করে তা নিশ্চিত করতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক রাজ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনের সব চেয়ে বড় উৎস হল ভবনগুলি, এবং বিদ্যমান ভবনে শক্তির দক্ষতা এবং বিদ্যুতায়ন ব্যবস্থা একত্রিত করলে কার্বন দূষণ কমবে এবং আরও টেকসই, স্বাস্থ্যকর এবং আরামদায়ক ভবন অর্জন করতে সাহায্য করবে। NYSERDA এবং ইউটিলিটি প্রোগ্রামের মাধ্যমে, রাজ্য জুড়ে বিল্ডিংগুলিকে ডিকার্বোনাইজ করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করা হচ্ছে। বিল্ডিংগুলিতে শক্তির দক্ষতা উন্নত করে এবং অনসাইট স্টোরেজ, নবায়নযোগ্য এবং বৈদ্যুতিক যানবাহনের চার্জিংয়ের সরঞ্জাম সহ, রাজ্য কার্বন দূষণ হ্রাস করবে এবং 2025 সালের মধ্যে 185 টিবিটিইউ দ্বারা সাইটের জ্বালানির খরচ কমানোর উচ্চাভিলাষী লক্ষ্য অর্জন করবে, যা 1.8 মিলিয়ন বাড়িতে বিদ্যুতের সমতুল্য, যার ফলে সামাজিক ও পরিবেশগত সুবিধায় বাড়তি 1.8 বিলিয়ন মার্কিন ডলার যোগ করা হবে।

এই প্রোগ্রামটি NYSERDA-এর 5.3 বিলিয়ন মার্কিন ডলারের ক্লিন এনার্জি ফান্ডের (Clean Energy Fund) মাধ্যমে অর্থায়ন করা হয়। আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে এখানে HPD-এর ওয়েবসাইট https://www1.nyc.gov/site/hpd/index.pageদেখুন।

সিনেটর কেভিন পার্কার বলেন, "আমি সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে অগ্রাধিকার দেওয়ার সময় রাজ্যব্যাপী ডিকারবোনাইজ করার সর্বশেষ উদ্যোগের জন্য গভর্নর হোচুল এবং NYSERDA-কে সাধুবাদ জানাই। প্রোগ্রামটি হাজার হাজার সাশ্রয়ী মূল্যের আবাসনের বাসিন্দাদের জন্য একটি সম্পদ হবে এবং আমি এই প্রকল্পের সময়ের সাথে সম্প্রসারণের জন্য উন্মুখ।"

অ্যাসেম্বলির সদস্য মাইকেল কুসিক বলেছেন, "যেহেতু আমরা আমাদের পরিচ্ছন্ন শক্তির লক্ষ্য অর্জনের দিকে কাজ করি, তাই আমাদের ভবনগুলিকে ডিকার্বোনাইজ করা একেবারেই গুরুত্বপূর্ণ। NYSERDA এবং NYC ডিপার্টমেন্ট অফ হাউজিং প্রিজারভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট আবাসনের ডিকরবোনাইজিংয়ের গুরুত্ব বোঝে এবং একটি পাইলট প্রোগ্রামের আজকের ঘোষণাটিই নিউ ইয়র্ক শহরের সাশ্রয়ী মূল্যের আবাসনকে শেষ পর্যন্ত ডিকার্বোনাইজ করার জন্য অনেক পদক্ষেপ গ্রহণ করবে বলে আশা করা হচ্ছে।"

অ্যাসেম্বলির সদস্য স্টিভেন সিমব্রোইটজ বলেছেন, "এই প্রকল্পটি বাসিন্দাদের স্বাস্থ্য ও নিরাপত্তার উন্নতি করবে, জ্বালানির খরচে অর্থ সাশ্রয় করবে এবং গ্রিনহাউস গ্যাসের নির্গমন কমানোর জন্য আমাদের রাজ্যের অপরিহার্য আদেশকে এগিয়ে নিয়ে যাবে। আমি গভর্নর হোচুলের প্রশংসা করি NYSERDA এবং HPD-এর মধ্যে একটি অংশীদারিত্ব বাস্তবায়নের জন্য যা আগামী বহু বছর ধরে অনেক নিউ ইয়র্কবাসীর জীবনকে উপকৃত করবে।"

নিউইয়র্ক রাজ্যের দেশ-নেতৃত্বাধীন জলবায়ুর পরিকল্পনা

নিউ ইয়র্ক রাজ্যের দেশ-নেতৃত্বাধীন জলবায়ুর এজেন্ডা হচ্ছে দেশের সবচেয়ে আক্রমণাত্মক জলবায়ু এবং পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা পরিষ্কার শক্তিতে একটি সুশৃঙ্খল এবং ন্যায়সঙ্গত পরিবর্তনের আহ্বান জানায় যা কর্মসংস্থান সৃষ্টি করে এবং নিউ ইয়র্ক রাজ্য কোভিড-19 (COVID-19) থেকে সেরে অথার সাথে সাথে সবুজ অর্থনীতির বিকাশ অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইনের মাধ্যমে আইনে অন্তর্ভুক্ত, 2040 সালের মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎ খাতের লক্ষ্যমাত্রা অর্জনের পথে নিউ ইয়র্ক এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতিতে ব্যাপক কার্বন নিরপেক্ষতায় পৌঁছানো। স্টেট জুড়ে 91 টি বিশাল মাত্রার নবায়নযোগ্য প্রকল্পে 21 বিলিয়নের মার্কিন বেশি, বিল্ডিং থেকে নিঃসরণ হ্রাস করার জন্য $6.8 বিলিয়ন, সৌরশক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন মার্কিন, স্বচ্ছ পরিবহন উদ্যোগগুলির জন্য 1 বিলিয়নের মার্কিন বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.2 বিলিয়নের মার্কিন বেশি সহ, এটি স্বচ্ছ শক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের ওপরে নির্মাণ করে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2019 সালে নিউইয়র্কের পরিচ্ছন্ন শক্তি খাতে 150,000 এরও বেশি চাকরি, 2011 থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ বৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বাতাস বিকাশের প্রতিশ্রুতিকে সমর্থন করছে। ক্লাইমেট অ্যাক্টের (Climate Act) অধীনে, নিউইয়র্ক এই অগ্রগতির উপর ভিত্তি করে গড়ে তুলবে এবং গ্রীনহাউস গ্যাস নিঃসরণকে 1990 সালের মাত্রা থেকে 2050 সালের মধ্যে 85 শতাংশ কমিয়ে দেবে, একই সাথে 40 শতাংশ পরিচ্ছন্ন শক্তিতে বিনিয়োগের সুবিধাগুলির মধ্যে কমপক্ষে 35 শতাংশ

সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর দিকে পরিচালিত করার লক্ষ্য নিশ্চিত করবে, এবং অন-সাইট শক্তি খরচকে অন্তিম-ব্যবহার শক্তি সাশ্রয়ের 185 ট্রিলিয়ন BTU হ্রাস করার দ্বারা শক্তির দক্ষতা সংক্রান্ত স্টেটের 2025 এর লক্ষ্যের দিকে অগ্রগতিকে আরও এগিয়ে নিয়ে যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন